বাফুফে সভাপতির বিবৃতি - ডিসেম্বর ২০১৮

সবাইকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করছি।

উয়েফা ফ্রেন্ডলি টুর্নামেন্টে অ-১৫ ছেলেদের সাফল্য

গত বছর থাইল্যান্ডে আয়োজিত উয়েফা অ-১৫ ইয়ুথ টুর্নামেন্টে নিজেদের যোগ্যতা প্রমাণ করতে সক্ষম হয়েছে দেশের ছেলেরা।

প্রতিযোগিতায় সাইপ্রাসের কাছে ০-৪ গোলে হারলেও, থাইল্যান্ডের সঙ্গে ১-১ ড্র এবং মালদ্বীপের সঙ্গে ১০-০ গোলের বিশাল জয় আমাদের জন্য বেশ আশাব্যঞ্জক বলা চলে।

প্রথম ম্যাচে পরাজয়ের পরে দলটি যেভাবে ঘুরে দাঁড়িয়েছে তা অবশ্যই প্রশংসার দাবিদার।

থাইল্যান্ডের উদ্দেশ্যে যাওয়ার আগে গত ৬ ডিসেম্বর আমি দলটির সঙ্গে দেখা করেছিলাম।

তাদের এই পারফরম্যান্সে আমরা সবাই খুশি, আমরা আশা করি এই প্রতিভাবন খেলোয়াড়দের মধ্যে থেকে অনেকেই ভবিষ্যতে লম্বা সময় ধরে ভালো সার্ভিস দিতে পারবে।

প্রথমবারের মতো স্বাধীনতা কাপের চ্যাম্পিয়ন বসুন্ধরা কিংস

ওয়ালটন ইন্ডিপেন্ডেস কাপ ২০১৮ এর শিরোপা নিজেদের ঘরে তুলেছে নতুন দল বসুন্ধরা কিংস।

১৩ দলের অংশগ্রহণে আয়োজিত এই টুর্নামেন্টের ফাইনাল গত ২৬ ডিসেম্বর অনুষ্ঠিত হয় যেখানে তিনবারের চ্যাম্পিয়ন শেখ রাসেলকে ২-১ গোলে পরাজিত করে বসুন্ধরা। এর আগে নভেম্বরে অনুষ্ঠিত ফেডারেশন কাপে রানার্স-আপ হয়েছিল দলটি।

বাফুফে-ইউনিসেফ চুক্তি স্বাক্ষর

দেশের প্রমীলা ফুটবলের সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে গত ৩ ডিসেম্বর বাফুফের সঙ্গে একটি দুই বছর মেয়াদী চুক্তি স্বাক্ষর করেছে ইউনিসেফ বাংলাদেশ। এর ফলে এখন থেকে অ-১৬ মেয়েদের জার্সিতে ইউনিসেফের লোগো শোভা পাবে।

প্রমীলা ফুটবলের উন্নয়নে বাফুফের সঙ্গে কাজ করবে ইউনিসেফ। এই লক্ষ্যে দেশের ৬৪ জেলায় ট্যালেন্ট হান্ট কার্যক্রম এবং ফুটবল টুর্নামেন্ট আয়োজন করা হবে।

এলিট উইমেন্স রেসিডেন্সি প্রোগ্রাম

বর্তমানে বাফুফে ভবনে মেয়েদের এলিট ক্যাম্পে দেশের সবচেয়ে প্রতিভাবান এবং চৌকশ ৪৭ জন ফুটবলার রয়েছে অনুরধ-১৫ থেকে সিনিয়র লেভেল পর্যন্ত।

প্রতিদিন মেয়েরা একাধিক ট্রেনিং প্রোগ্রাম-এ অংশ নেয়। এছাড়া প্রত্যেক খেলোয়াড়ের জন্য কিছু বিশেষ ট্রেনিং এর ব্যবস্থা করা হয় যেগুলো প্রত্যেকে আলাদাভাবে সম্পন্ন করে।

খেলয়াড়দেরকে তাদের পুষ্টিগত প্রয়োজনীয়তা নিয়ে পরীক্ষানিরীক্ষা করার জন্য উৎসাহিত করা হয়। এছাড়া, তাদেরকে পড়ালেখা চালিয়ে যাওয়ার জন্যেও উৎসাহিত করা হয়। প্রতি সন্ধ্যায় তাদের পড়ালেখা করার সময় দেয়া হয়।

প্রত্যেক বছর, বাছাইকৃত খেলোয়াড়দের বাফুফে ভবনে আমন্ত্রন জানানো হয় সাফ কম্পিটিশন ক্যালেন্ডারকে সামনে রেখে বয়সভিত্তিক দল গঠনের জন্য।

২০১৯ সালে এলিট ক্যাম্পের মেয়েদের জন্য কিছু গুরুত্বপূর্ণ টুর্নামেন্ট অপেক্ষা করছে – সাফ, এএফসি উভয় ক্ষেত্রে।

এছাড়াও এবছর বাফুফের পরিকল্পনা রয়েছে মেয়েদের ক্যাম্পটির আদলে ছেলেদের এমন একটি এলিট ক্যাম্প প্রতিষ্ঠা করার যেখানে অনূর্ধ্ব-১৪ থেকে অনূর্ধ্ব-১৯ খেলোয়াড়রা প্রশিক্ষণ গ্রহণ করবে।

কোচিং অ্যান্ড এডুকেশন

২০১৭ সালের বাফুফে স্ট্র্যাটেজিক ফুটবল প্ল্যান অনুযায়ী কোচ এডুকেশন এবং ডেভেলপমেন্ট একটি গুরুত্বপূর্ণ অংশ।

এই প্রোগ্রামের মূল উদ্দেশ্য হল দেশের সর্বস্তরের ফুটবলে কর্মরত কোচদের শিক্ষা এবং উন্নতির সুযোগ তৈরি করা।

গত দুই বছরে বাফুফে দুই শতাধিক অউটফিল্ড, গোলকিপিং এবং ইন্সট্রাক্টরকে সার্টিফিকেট প্রদান করেছে। এছাড়া শতাধিক সার্টিফিকেটধারী কোচের পুনঃঅ্যাক্রেডিটেশনের ব্যবস্থাও করে বাফুফে।

উচ্চতর লেভেলে, বি এবং এ সার্টিফিকেটধারী কোচেরা সাপ্তাহিক ওয়ার্কশপে অংশগ্রহণ করার সুযোগ পায়, যা তাদের কোর্সেরও একটি অংশ এবং সিপিডি আওয়ার বৃদ্ধির সহায়ক যার মাধ্যমে তারা তাদের ব্যক্তিগত প্রোফাইল উন্নত করতে পারে।

প্রত্যেক বছর বাফুফে এমন অনেক কোচিং কোর্স আয়োজন করছে যা বিভিন্ন লেভেলের কোচদের প্রয়োজনীয়তা মেটাতে সক্ষম হচ্ছে।

এক্ষেত্রে বাফুফের অগ্রগতি ফিফা এবং এএফসি-কর্তৃক সমাদ্রিত হয়েছে।

ফুটবল একাডেমির জন্য ভেন্যু বাছাই

বাফুফের ফুটবল একাডেমির ভেন্যু বাছাইয়ের জন্য আমরা গত ৭ ডিসেম্বর রাজধানীর মাদানি অ্যাভিনিউতে ফর্টিস স্পোর্টস গ্রাউন্ড ভিজিট করেছি আমরা।

ফুটবল একাডেমি স্থাপনের জন্য ঐ স্থানে যথেষ্ট সুযোগ-সুবিধা আছে কিনা তা যাছাই করা হয়েছে।

আমি এই ভেন্যুটি নিয়ে সন্তুষ্ট, এখন দেখা যাক কী হয়।

ফিফা এমএ রেফারিং কোর্স

গত ১৬ থেকে ২০ ডিসেম্বর ঢাকায় ফিফা এমএ রেফারিং কোর্স অনুষ্ঠিত হয়।

এই কোর্সে ৫ জন নারীসহ দেশের মোট ৩০ জন প্রথম সারির রেফারি অংশগ্রহণ করেন।

কোর্সটি পরিচালনার দায়িত্বে ছিলেন ফিফা অফিসিয়াল রবীন্দ্রচন্দ্রন চাপানিমুতু এবং এলান স্নোডি।

সিএসি সোশাল রেস্পন্সিবিলিটি প্রোগ্রাম

কোচেস অ্যাক্রস কন্টিনেন্টস (সিএসি)-এর সহায়তায় বাফুফে এবং এএফসির সোশাল রেস্পন্সিবিলিটি প্রোগ্রামের অধীনে ট্রেনিং ক্যাম্প এবং ম্যাচ আয়োজন করা হয়।

এই আয়োজনে পথশিশু এবং কমবয়সী রোহিঙ্গা উদ্বাস্তুরা অংশগ্রহণ করে। ঢাকা ও কক্সবাজারে গত নভেম্বর ৩০- এ শুরু হওয়া এই কার্যক্রম এ বছরের সেপ্টেম্বর পর্যন্ত চলবে।

এই কার্যক্রমের আওতায় জাগো ফাউন্ডেশনের সহায়তা নিয়ে গত নভেম্বর ৩০ থেকে ডিসেম্বর ৩ পর্যন্ত পথশিশুদের জন্য বিশেষ ট্রেনিং ও আয়োজন করে বাফুফে।

ইউএনএইচসিআর-এর সহায়তায় একই কার্যক্রম গত ডিসেম্বর ৫ থেকে ১০ তারিখ পর্যন্ত রোহিঙ্গা ক্যাম্পগুলোতে অনুষ্ঠিত হয়। ট্রেনিং শেষে অংশগ্রহণকারীদের মধ্য সার্টিফিকেট, ফুটবল ও খেলার নানা সরঞ্জাম বিতরণ করা হয়।

সার্টিফিকেট হোল্ডাররা ইতিমধ্যে ডিসেম্বর ৪ থেকে কক্সবাজারে সোশাল রেস্পন্সিবিলিটি প্রোগ্রাম-এর মূল প্রশিক্ষণ পরিচালনা করছেন।

সিপি ফুটবল কোচেস এডুকেশন কোর্স

সিপি ফুটবল কোচেস এডুকেশন কোর্সের সমাপনী পর্ব গত ১৬ ডিসেম্বর বাফুফে ভবনে অনুষ্ঠিত হয়েছে।

এসোসিয়েশন অফ রিসার্চ ডেভেলপমেন্ট এবং রাইটস ইমপ্লিম্যান্টেশন ফর ডিসঅ্যাবিলিটিস এর আয়োজনে এই কার্যক্রমের সঙ্গে যুক্ত ছিল ন্যাশনাল প্যারালিম্পিক কমিটি এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশন।

১৩ ডিসেম্বরে শুরু হওয়া এই কার্যক্রমে দেশ-বিদেশের ৩৫ জন ফুটবল কোচ ট্রেনিং প্রোগ্রামে অংশগ্রহণ করেন।

ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ সিপি ফুটবলের গাইডলাইন মোতাবেক তাদের প্রশিক্ষণ প্রদান করেন স্যাম টার্নার এবং রেনে জুরিয়াস।

স্বাধীন বাংলা ফুটবল দলকে সম্মাননা প্রদান

বিজয় দিবসে স্বাধীন বাংলা ফুটবল দলের সদস্যদের সম্মাননা প্রদানের উদ্দেশ্যে বিশেষ প্রোগ্রামের আয়োজন করে বাফুফে।

সেখানে আমিসহ স্বাধীন বাংলা দলের কিংবদন্তি তুল্য অনেক ফুটবলার উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধু অ-১৭ গোল্ড কাপের চ্যাম্পিয়ন রংপুর

ডিসেম্বরের ২৩ তারিখে অনুষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট (অ-১৭)-এর ফাইনালে রাজশাহীকে ২-১ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে রংপুর বিভাগ।

প্রতিযোগিতায় রংপুরের শামীম ইসিলাম টপ গোল স্কোরার এবং আপন চন্দ্র রায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন।

খেলা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মাননীয় রাষ্ট্রপতি আবদুল হামিদ উপস্থিত ছিলেন।